**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৬৯/২০১৮-১৯**

**ঢাকা, রোববার ৭ অক্টোবর ২০১৮, ২২ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিশ্বের জনশক্তি বাজার বিবেচনায় শিক্ষাক্রম ঢেলে সাজাতে হবে : রাষ্ট্রপতি

২। মানবতার কল্যাণে সেবা অব্যাহত রাখার আহ্বান : লায়ন্সক্লাবের প্রতি প্রধানমন্ত্রী

৩। নির্বাচনে অংশ না নিলে অস্তিত্ব বিলীন হবে বিএনপি'র : বাণিজ্যমন্ত্রী

৪। বাংলাদেশ ৮০টি দেশে সফটওয়্যার রপ্তানি করছে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী

৫। উন্নয়নে দেশের সব শ্রেণি-পেশার মানুষের ভূমিকা রয়েছে : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

৬। মিয়ানমারের মানচিত্রে সেন্টমার্টিন দ্বীপ : রাষ্ট্রদূতকে তলব করে কড়া প্রতিবাদ

৭। আইন না মানার সংস্কৃতির কারণে সড়ক দুর্ঘটনা বাড়ছে : ডিএমপি কমিশনার

৮। অনলাইনে গাড়ি রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স করা যাবে

৯। তিন প্রকল্পে বিশ্বব্যাংকের ৫১৫ মিলিয়ন মার্কিন ডলার অনুমোদন

১০। বিশ্ব শিশু দিবস আজ

চলমান পাতা-২

১। **বিশ্বের জনশক্তি বাজার বিবেচনায় শিক্ষাক্রম ঢেলে সাজাতে হবে : রাষ্ট্রপতি**

দেশের চাহিদা ও বিশ্বের জনশক্তি বাজার বিবেচনায় শিক্ষাক্রম ঢেলে সাজানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেছেন, গুণগতমান সমুন্নত রেখে দেশের চাহিদা ও বিশ্বের জনশক্তি বাজারের কথা বিবেচনা করে গুরুত্বপূর্ণ বিভাগগুলোর সম্প্রসারণ করতে হবে। যুগের চাহিদা ও উপযোগিতা বিবেচনা করে নতুন নতুন বিভাগ খুলতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। অপ্রয়োজনীয় ও কম গুরুত্বপূর্ণ বিভাগগুলোকে যুগোপযোগী করে ঢেলে সাজাতে হবে। গতকাল (৬ অক্টোবর শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তনে আচার্যের ভাষণে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

২। **মানবতার কল্যাণে সেবা অব্যাহত রাখার আহ্বান : লায়ন্সক্লাবের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে লায়ন্সের সেবামূলক কর্মসূচির প্রশংসা করে ভবিষ্যতেও দেশ ও মানবতার কল্যাণে তাদের এসব সেবামূলক কর্মসূচি অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, আপনারা লায়ন এবং লিওরা যেভাবে সামাজিক ক্ষেত্রে অবদান রাখছেন, আপনাদের আমি আন্তরিক ধন্যবাদ জানাই। মানুষের জন্য সেবা করা, মানুষের পাশে দাঁড়ানোর থেকে বড় কাজ আর কি হতে পারে। তিনি বলেন, আপনারা যে সেবা দিচ্ছেন সে সেবা আপনারা অব্যাহত রাখবেন। আসুন সকলের সম্মিলিত প্রচেষ্টায় দেশকে গড়ে তুলি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ অক্টোবর শনিবার) গণভবনে লায়ন এবং লিওক্লাব আয়োজিত বিশাল সমাবেশে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ. ২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **নির্বাচনে অংশ না নিলে অস্তিত্ব বিলীন হবে বিএনপি'র : বাণিজ্যমন্ত্রী**

আগামী জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ না করলে বিএনপি'র অস্তিত্ব বিলীন হয়ে যাবে বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বর্তমান সংসদের মেয়াদ আগামী ২৮ জানুয়ারি শেষ হবে, এর ৯০ দিন আগে যে কোনো দিন দেশে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল (৬ অক্টোবর শনিবার) ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় ইনভয় টেক্সটাইলস লিমিটেডের নবনির্মিত অডিও ভিস্যুয়াল সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ ,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

৪। **বাংলাদেশ ৮০টি দেশে সফটওয়্যার রপ্তানি করছে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, ডিজিটাল শিল্পবিপ্লবে বাংলাদেশ বিশ্বে নেতৃত্ব দেওয়ার জায়গায় পৌঁছেছে। বাংলাদেশ এখন বিশ্বের ৮০টি দেশে সফটওয়্যার রপ্তানি করছে। গতকাল (৬ অক্টোবর শনিবার) রাজধানীতে ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষে ঢাকা জেলা প্রশাসন আয়োজিত 'শিক্ষিত জাতি সমৃদ্ধ দেশ-প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

৫। **উন্নয়নে দেশের সব শ্রেণি-পেশার মানুষের ভূমিকা রয়েছে : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, দেশ এখন উন্নয়নের মহাসড়কে। আর এ উন্নয়নের গতি কেউ রোধ করতে পারবে না। কারণ প্রধানমন্ত্রী শেখ হাসিনার দর্শনই হচ্ছে বাংলাদেশের উন্নয়ন। আর এ উন্নয়নে দেশের সকল শ্রেণি-শোর মানুষের ভূমিকাও রয়েছে অপরিসীম। তিনি গতকাল (৬ অক্টোবর শনিবার) গাজীপুরের কালীগঞ্জ উপজেলা প্রশাসন আয়োজিত উন্নয়ন র‍্যালি শেষে শহিদ ময়েজউদ্দিন মুক্তমঞ্চে উন্নয়ন মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **সমকাল** (পৃ.৭,ক.৬)।

**৬।	মিয়ানমারের মানচিত্রে সেন্টমার্টিন দ্বীপ : রাষ্ট্রদূতকে তলব করে কড়া প্রতিবাদ**

মিয়ানমারের মানচিত্রে সেন্টমার্টিন দ্বীপকে নিজেদের হিসেবে দেখিয়েছে। এর প্রতিবাদে মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব করে কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। মানচিত্রে অতি দ্রুত এ অংশ সংশোধন করে তা বাংলাদেশকে জানাতে বলা হয়েছে মিয়ানমারের রাষ্ট্রদূতকে। বিষয়টিকে কূটনৈতিক সম্পর্কের ক্ষেত্রে মিয়ানমারের স্যাবোটাজ হিসেবে দেখছে বাংলাদেশ। গতকাল (৬ অক্টোবর শনিবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে মিয়ানমারের রাষ্ট্রদূত লুইন ও'কে তলব করা হয়। তাকে বাংলাদেশের প্রতিবাদ ও অবস্থান তুলে ধরেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (সমুদ্রসীমা অনুবিভাগ) রিয়ার অ্যাডমিরাল (অব.) খুরশিদ আলম। এ সময় বাংলাদেশের পক্ষ থেকে মিয়ানমারের ব্যাখ্যা জানতে চাওয়া হয় এবং একটি প্রতিবাদপত্র তুলে দেওয়া হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**৭।	আইন না মানার সংস্কৃতির কারণে সড়ক দুর্ঘটনা বাড়ছে : ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, সড়ক দুর্ঘটনার জন্য চালকের অসতর্কতা, বেপরোয়াভাবে গাড়ি চালানো, অদক্ষতা, পেশাদারিত্বের অভাবের পাশাপাশি পথচারীদের জেব্রাক্রসিং-ফুটওভার ব্রিজ, আন্ডারপাস ব্যবহারে অনীহা, অবকাঠামোগত অপর্যাপ্ততা, নাগরিক দায়িত্ববোধের অভাব এবং সর্বোপরি আইন না মানার সংস্কৃতির কারণে সড়ক দুর্ঘটনার সংখ্যা বাড়ছে। নিরাপদ সড়কের জন্যে সবার আইন মানার সংস্কৃতি ধারণ এবং সংশ্লিষ্ট সকলের ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন। গতকাল (৬ অক্টোবর শনিবার) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ছায়া সংসদে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৮।	অনলাইনে গাড়ি রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স করা যাবে**

সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) সার্ভিস পোর্টালের মাধ্যমে অনলাইনে গাড়ি রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স করা যাবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের আওতায় বিশেষ এ সেবা কার্যক্রম চালু করা হচ্ছে। এ সার্ভিস পোর্টাল চালু হলে আর গাড়ি রেজিস্ট্রেশন বা ড্রাইভিং লাইসেন্সের জন্য বিআরটিএ অফিসে যেতে হবে না বলে বিআরটিএ'র সূত্র জানায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৯।	তিন প্রকল্পে বিশ্বব্যাংকের ৫১৫ মিলিয়ন মার্কিন ডলার অনুমোদন**

বাংলাদেশের উপকূলীয় এলাকা ও সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণের উন্নয়ন, বন ব্যবস্থাপনা এবং গ্রামীণ সড়ক উন্নয়ন এ তিনটি প্রকল্পে বিশ্বব্যাংক ৫১৫ মিলিয়ন মার্কিন ডলার অর্থ অনুমোদন করেছে। গতকাল (৬ অক্টোবর শনিবার) বিশ্বব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিশ্বব্যাংকের বিজ্ঞপ্তিতে আরও জানানো হয় মিয়ানমারে সহিংসতায় পালিয়ে আসা রোহিঙ্গাদের কক্সবাজারে আশ্রয়দানকারী স্থানীয় কমিউনিটিসহ গ্রামীণ জনগণের দারিদ্র্য হ্রাস এবং নতুন জীবিকায়নের সুযোগ সৃষ্টির সহায়ক হিসেবে এ অর্থ ব্যয় করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ. ১৩, ক.৪), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৪), **ডেইলি স্টার** (পৃ. ৩,ক.৭)।

**১০।	বিশ্ব শিশু দিবস আজ**

আজ থেকে শুরু হচ্ছে বিশ্ব শিশু দিবস ও 'শিশু অধিকার সপ্তাহ ২০১৮'। এবারের প্রতিপাদ্য হচ্ছে 'গড়তে শিশুর ভবিষ্যৎ, স্কুল হবে নিরাপদ'। দিবসটি উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি

ছয় দিনব্যাপী (৭-১৩ অক্টোবর) নানা কর্মসূচি গ্রহণ করেছে এবং দিবস উপলক্ষে জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী প্রদান করেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৪,ক.২)।

=৪=

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** পল্লীবিদ্যুৎ কর্তৃপক্ষের ভুলের কারণে রাজশাহীর বাগমারা উপজেলার বিভিন্ন গ্রামে প্রায় ১০ হাজার গ্রাহককে ভোগান্তি পোহাতে হয়েছে যা একেবারেই অনভিপ্রেত উল্লেখ করে বিদ্যুৎখাতের এ ধরনের অব্যবস্থাপনা দূর করতে নজরদারির সুপারিশ।

খ. **ভোরের কাগজ, যায়যায়দিন, সমকাল, যুগান্তর, ডেইলি সান :** চট্টগ্রামের মিরসরাই উপজেলার জোরারগঞ্জে একটি জঙ্গি আস্তানায় র‍্যাবের অভিযানে দুই পুরুষ জঙ্গির লাশ ও বিপুল অস্ত্র উদ্ধার হওয়ার কথা উল্লেখ করে জঙ্গিবিরোধী অভিযান অব্যাহত রাখার পাশাপাশি নতুন করে জঙ্গিবাদে যুক্ত হওয়ার ধারাও বন্ধ করতে হবে বলে মতপ্রকাশ।

গ. **সমকাল :** চট্টগ্রামে বন্দর প্রতিষ্ঠার ১৩১ বছরের মধ্যে সবচেয়ে গতিশীল অবস্থার মধ্যে রয়েছে এ নৌবন্দরটি উল্লেখ করে এ বন্দরের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে গতিশীলতার সাথে শৃঙ্খলা প্রতিষ্ঠার সুপারিশ।

ঘ. **ইত্তেফাক :** চাকরিজীবন শেষে সময়মতো অবসর ও কল্যাণ তহবিলের টাকা না পেয়ে অশেষ দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে দেশের ৬৮ হাজার বেসরকারি শিক্ষক-কর্মচারী এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দ্রুত তাদের প্রাপ্য বকেয়া তাদের হাতে তুলে দিতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** দেশে ৩০টি কঠিন রোগের অন্যতম কারণ ১২ ধরনের পরিবেশ দূষণ যার মধ্যে শীর্ষে আছে শব্দদূষণ উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে দক্ষ জনবল তৈরি করতে কারিগরি শিক্ষার পরিধি বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **অবজারভার :** প্লাস্টিক ব্যাগ, পণ্য পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর হওয়ায় পুরোপুরিভাবে এগুলোর ব্যবহার বন্ধের আহ্বান।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে কারিগরি শিক্ষার ব্যবস্থা করাসহ প্রয়োজনীয় বিদেশি ভাষা শিখিয়ে দেশি কর্মীদের প্রবাসে কাজের উপযোগী করে গড়ে তোলার সুপারিশ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত ‘বিজ্ঞানমনস্কতাই উদ্ভাবনের পূর্বশর্ত ’ শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষার প্রাথমিক স্তর থেকেই উদ্ভাবনমুখী আনন্দদায়ক শিক্ষাকে প্রাধ্যন্য দিয়ে গবেষণাভিত্তিক মানবিক উন্নয়ন নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা